ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 12 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৬৮ ● কলকাতা ● ০৭ আষাঢ়, ১৪৩২ ● রবিবার ● ২২ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা






## বিশাখাপত্তনমে আন্তর্জাতিক যোগ দিবস পালন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি



**বেবি চক্রবর্ত্তী**

বিশাখাপত্তনমে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে নেতৃত্ব দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

আজকের দিনের আন্তর্জাতিক স্বীকৃতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত যেদিন রাষ্ট্রসঙ্ঘে আন্তর্জাতিক যোগ দিবস পালনের প্রস্তাব দিয়েছিল, অত্যন্ত কম সময়ে ১৭৫টি দেশ ভারতের এই প্রস্তাবকে সমর্থন করেছিল। তিনি বলেন, এটা শুধুমাত্র প্রস্তাবকে সমর্থন ছিল না, মানবতার কল্যাণে এ ছিল এক সামগ্রিক পদক্ষেপ।

প্রধানমন্ত্রী বলেন, যোগকে বিশ্বের নানা প্রান্তে ছড়িয়ে দিয়ে ভারত আধুনিক গবেষনার মাধ্যমে যোগ বিজ্ঞানকে আরো সুদৃঢ় করেছে।অন্ধ্রপ্রদেশ সরকার, এই কর্মসূচীতে ৫০ লক্ষ যোগদানকারীকে বিশেষ যোগ সার্টিফিকেট প্রদান করবে। এই অনুষ্ঠান কে গিনেস বিশ্ব রেকর্ডের তালিকাভুক্ত করতে ও সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছে।


## শনিবার সকালে যোগা দিবস পালন করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা:-** পালিত হয় ১১তম আন্তর্জাতিক যোগ দিবস। গোটা দেশে লক্ষ লক্ষ মানুষ শনিবার ভোর ৬.৩০ থেকে যোগাসন করেছেন। এ বছর যোগ দিবসে বিশেষ আয়োজন, 'যোগ সঙ্গম'। বিশ্ব জুড়ে মোট ১৯০টি দেশে যোগ দিবস পালিত হয়।এবার কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এবছর যোগ দিবসে ১০টি বিশেষ কর্মসূচি

এরপর ৩ পৃষ্ঠায়






# হিমালয়ের ঋষি মুনিদের দ্বারা অনুপ্রাণিত সমর্পণ ধ্যান

## (*নিয়মিত ধ্যান অভ্যাসের প্রাপ্তিযোগ : সার্বিক নিরাপত্তা ও সর্বাঙ্গীণ উন্নতি)*

ধ্যান হল সেই সাধনা যার থেকে আমাদের সম্পর্ক বিশ্ব চেতনার সঙ্গে জুড়ে যায় , মানে পরমাত্মার শক্তির সাথে যুক্ত হয়। পরে ওই শক্তি আমাদের ভিতর এক সুস্থ ও সুষম ব্যক্তিত্বের বিকাশ ঘটায়।

*যেমন যেমন আমাদের ধ্যানের পরিস্থিতি ভালো হতে থাকবে তেমন তেমন আমাদের রোগমুক্ত শরীর প্রাপ্ত হতে থাকবে,* এবং আমাদের সুস্থ শরীরের রোগ প্রতিরোধ শক্তিও বাড়তে থাকবে।

*আমরা ধ্যান সাধনার মাধ্যমে মানসিক চাপ ভয় চিন্তা আত্মগ্লানি ও নৈরাশ্য ( depression ) প্রভৃতি মানসিক রোগ থেকে মুক্তি পেতে পারি।* অতীতকালের দুঃখজনক ঘটনা সমূহের স্মৃতির করাল ছায়া থেকে মুক্তি পেতে পারি। তেমনই ভবিষ্যতের চিন্তা থেকেও মুক্ত হয়ে বর্তমানে থেকে শান্তিপূর্ণ আনন্দিত জীবন অতিবাহিত করতে পারি।

জীবনে সন্তুষ্টি ও শান্তি থাকার ফলে জীবন আনন্দ পূর্ণ হয়ে ওঠে। *ধ্যান সাধনার ফলে সুষম ব্যক্তিত্বের অধিকারী হয়ে উঠলে জীবনের যে কোন ক্ষেত্রেই সাফল্য অর্জন সম্ভব।* আর্থিক স্থিতিও উন্নত হয়। আর নিজের মধ্যে এক পরিপূর্ণতার অনুভব হয়।

ধ্যানের মাধ্যমে একদিকে যেমন আত্মশক্তি বাড়তে থাকে তেমনি শরীর ভাব কম হয়, যা আমাদের শারীরিক কষ্টকে কমায়। *আত্মার শক্তি বৃদ্ধি হওয়া মানে আমাদের ভেতরে মানবিক গুণগুলোর বিকাশ হওয়া, আর আমাদের মধ্যে মনুষ্যধর্ম জাগ্রত হওয়া। এর ফলে আমাদের চারদিকে যে পবিত্র আভামন্ডল তৈরি হয় তা আমাদেরকে যেমন খারাপ সঙ্গের থেকে দূরে রাখে তেমনই যেকোনো ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা করে।* এইভাবে ধীরে ধীরে নিজেদের জীবদ্দশাতেই এক মুক্ত অবস্থা প্রাপ্ত হয়, যাকে মোক্ষ বলা হয়। এই চিন্তামুক্ত (নির্বিচার স্থিতি) স্থিতি থেকেই কর্মমুক্ত অবস্থায় পৌঁছানোই হলো হিমালয়ীন সমর্পণ ধ্যানযোগের উদ্দেশ্য। **ক্রমশঃ**

# মুসলিমরা ভয়ঙ্কর খেলবে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কয়েকদিন আগেই কাশেম সিদ্দিকীর পদপ্রাপ্তি নিয়ে খোঁচা দিতে দেখা গিয়েছিল তাঁকে। সাফ বলেছিলেন কাশেম রাজনীতির অ আ ক খ জানেন না। দলের 'লাইন' নিয়েও প্রকাশ্যে ক্ষোভ উগরে দিয়েছিলেন ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীর। সেই কাশমের বিরুদ্ধে রেগে লাল ত্বহা সিদ্দিকী। বলছেন, বাংলার মুসলিমরা এটা কখনওই ভালভাবে নিচ্ছে না। ত্বহা যদিও বলছেন, তার মন বলছে এবার ভাঙড়ে ফের জিততে পারেন নওশাদ সিদ্দিকী। ভাঙড় ছাড়াও আরও দু-একটা আসনও পেয়ে যেতে পারেন। হুমায়ুন যদিও বলছেন সময়ের কথা। সময় বলবে আইএসএফ ভাল করবে না খারাপ করবে তা সময় বলবে। ত্বহার বিরুদ্ধে সমালোচনার সুরেই বলছেন, "রাজনীতিতে কোনও দক্ষতা আছে বলে আমি

এরপর ৪ পাতায়

# শিবানীপুরে বিশ্ব যোগ দিবস পালন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দক্ষিণ ২৪ পরগণা জেলার ফলতা থানার অন্তর্গত শিবানীপুর স্বামী বিবেকানন্দ উদ্যানে ২১ জুন বিশ্ব যোগ পালন করা হয়। সূর্য ফাউন্ডেশনের সহযোগিতায় "মুক্তকণ্ঠ"এই অনুষ্ঠানের আয়োজন করে। এলাকার ছাত্র-যুব সহ বহু বিশিষ্ট ব্যক্তি এই শিবিরে অংশগ্রহণ করেন। সমগ্র কর্মসূচি পরিচালনা করেন বিশিষ্ট যোগ শিক্ষক দীনবন্ধু মণ্ডল।



বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন সেনা কর্মী স্বপন কুমার মণ্ডল, আইনজীবী তপনকান্তি মণ্ডল, সমাজ কর্মী সুশান্ত দাস, সুজয় কুমার দাস, গৌড়ীয় মঠের দিলীপ কুমার ঘোষ প্রমুখ। ছাত্র প্রতিনিধিদের মধ্যে দীপাংশু ঘোষ ও দেব মণ্ডল প্রমুখ যোগ ব্যায়ামের বিভিন্ন বিষয় অভিপ্রদর্শন করে। সফল ভাবে এই কর্মসূচি রূপায়ণের জন্য ভারত সরকারের আয়ুশ মন্ত্রণালয় থেকে 'মুক্তকণ্ঠ' সংস্থাকে শংসাপত্র দিয়ে উৎসাহিত করা হয়েছে।

আয়োজক সংস্থার পক্ষে তপনকান্তি মণ্ডল জানান যে, মূলতঃ রামকৃষ্ণ মিশন আশ্রমের পৃষ্ঠপোষকতায় এই সংস্থা পরিচালিত হয়ে থাকে। পরে ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন লাভ করে। সূচনা কাল থেকে এখানে নানা সামাজিক ও সাংস্কৃতিক কর্মসূচির সঙ্গে যোগ চর্চাও নিয়মিত হয়ে থাকে। কেবল সুস্থ ও নীরোগ থাকা নয় মানসিক চেতনা বিকাশের ক্ষেত্রেও যোগ প্রাণায়ামের গুরুত্ব অপরিহার্য। ভারত এ বিষয়ে পথিকৃৎ। দিনটি তাই এদেশের গর্ব।







(১ম পাতার পর)

# শনিবার সকালে যোগা দিবস পালন করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী

নেওয়া হয়েছে। যার উদ্দেশ্য যোগাভ্যাসকে ঘরে ঘরে পৌঁছে দেওয়া। দেশের গণ্ডি ছাড়িয়ে যোগ দিবস পালিত হচ্ছে বিদেশের মাটিতেও।

কলকাতায় ইন্ডিয়ান মিউজিয়ামে BJP-র কর্মী-সমর্থক এবং অন্যান্য সাধারণ মানুষের সঙ্গে যোগ দিবস উদযাপন করলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।যোগ দিবসের উৎসবে দেখা গেল উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকেও। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে কলকাতার রানী রাসমণি রোডে ক্রীড়া ভারতীর উদ্যোগে, আয়োজিত যোগাভ্যাসে অংশগ্রহণ করলেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

# ২১ জুলাই এর প্রোমো প্রকাশ করল তৃণমূল কংগ্রেস




**বেবি চক্রবর্ত্তী :কলকাতা**

এবার নজরে ২১ জুলাই। প্রোমো প্রকাশ করল তৃণমূল কংগ্রেস। সোশ্যাল মিডিয়ায় প্রোমো প্রকাশ করা হয়েছে। সেই প্রোমোতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে রয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবিও। আর মাত্র ২৯ দিন। তারপরেই কলকাতায় অনুষ্ঠিত হতে চলেছে ২১ জুলাইয়ের অনুষ্ঠান।২১ জুলাইয়ের শহিদ সমাবেশের প্রচার আগেই শুরু করে দিয়েছে তৃণমূল কংগ্রেস। সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে প্রকাশ করা পোস্টারে শুধুই দেখা গিয়েছে দলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি। সেখানে ছিলেন না অভিষেক বন্দ্যোপাধ্যায়। দলীয় সূত্রে জানা যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজেই চাননি তাঁর ছবি রাখতে। এবার সমাবেশের ঠিক একমাস আগে প্রকাশ হল প্রোমো। পোস্টারে না থাকলেও প্রোমোতে দেখা গিয়েছে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে।

# দক্ষিণবঙ্গে আসন্ন বন্যায় শঙ্কিত মুখ্যমন্ত্রীর জরুরি বৈঠক

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কলকাতা:- বর্ষা ঢুকে গেছে। গত বছরের মতো দক্ষিণবঙ্গ এবারও ডুববে বন্যায়। নিকাশি ব্যবস্থা একেবারেই তলানিতে। এই পরিস্থিতিতে শুধু DVC র ঘাড়ে দোষ চাপিয়ে আর চলবে না। তা বুঝতে পেরেই মুখ্যমন্ত্রী শুক্রবার নবান্নে জরুরী বৈঠক করেন। এদিকে আবার সেচমন্ত্রী মানস ভুঁইয়া ডিভিসির পলি তোলা নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন। হাওয়া যে খারাপ তা ভালই বুঝছে নবান্ন। একদিন আগেই জেলাশাসকদের নিয়ে বৈঠকও করেছিলেন মুখ্যসচিব। এবার দক্ষিণবঙ্গের কয়েকটি জেলার বন্যা পরিস্থিতির ওপর



নজর রাখতে প্রশাসনিক কর্তাদের ফোনেই নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সূত্রের খবর, শুক্রবার নবান্ন বৈঠক চলাকালীন তিনি মুখ্যসচিব মনোজ পন্থের ফোন থেকে জেলায় জেলায় প্রশাসনিক কর্তাদের ফোন করেন। মুখ্যমন্ত্রী কয়েকজন মন্ত্রীর উপর দায়িত্ব ভাগ করে দেন। হাওড়ার আমতা, উদয়নারায়ণপুর মন্ত্রী পুলক রায়, পশ্চিম মেদিনীপুরে মানস ভুঁইয়া, হুগলির আরামবাগ, গোঘাটে ফিরহাদ হাকিম ও বাকুড়া-পুরুলিয়ার পরিস্থিতির উপরে নজরদারির জন্যে মলয় ঘটককে দায়িত্ব দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে জেলায় জেলায় বর্ষা ঢুকতে না ঢুকতেই ত্রাণের জিনিসপত্র মজুত রাখা হয়েছে বলে জানা গিয়েছে। ত্রিপল, পোশাক, ওষুধপত্র, শুকনো খাবার সব জিনিসই ইতিমধ্যেই জেলাগুলিতে চলে গিয়েছে। আবহাওয়া দফতর যদিও বলছে, আগামীম দুদিন বৃষ্টির দাপট কিছুটা কমবে। এখন দেখার ত্রাণ বন্টন নিয়ে আগের মতো এবারও স্বজন পোষণের ও দুর্নীতির অভিযোগ ওঠে কিনা!

# পুলিশ তোলা তুললে কী হবে?



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আর কয়েকদিন, তারপরই রথযাত্রা। আগামী ২৭ জুন নিজের বাড়ি থেকে এক সপ্তাহের জন্য মাসির বাড়ি বেড়াতে যাচ্ছেন জগন্নাথ-বলরাম ও সুভদ্রা। তবে এইবারের রথযাত্রা নিয়ে আরও সতর্ক কলকাতা পুলিশ। কলকাতা পুলিশ সূত্রে খবর, সিপি মনোজ ভার্মা পুলিশ আধিকারিকদের স্পষ্ট নির্দেশ দিয়েছেন, প্রতিটি থানাকেই আরও সজাগ থাকতে হবে।এখানেই শেষ নয়, পুলিশ কর্মীদের উদ্দেশেও কড়া বার্তা দিয়েছেন মনোজ ভার্মা। তাঁর সাফ বক্তব্য, পুলিশের টাকা তোলায় কোনও অভিযোগ এলে তার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে হবে। আর যদি দোষ প্রমাণিত হয় দ্রুত তাহলে তৎক্ষনাত পদক্ষেপ করারও নির্দেশ দিয়েছেন তিনি।যেহেতু রথের দিন মহরমও রয়েছে তাই যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে সেই কারণেই এই নির্দেশ। একই সঙ্গে তোলাবাজি করলে কোনও পুলিশ আধিকারিকের কী হবে তাও জানান মনোজ ভার্মা।

কলকাতা পুলিশ সূত্রে খবর, বন্দর এলাকায় বিশেষ নজর দিতে নির্দেশ দিয়েছেন সিপি। থানাগুলিকেও সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে। যে কোনও আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে নিজেদের বাহিনীকে প্রস্তুত করে নির্দিষ্ট জায়গায় যাওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। উঁচু তলার পদস্থ অফিসারদেরও সবটা নজরে রাখতে হবে বলেও জানিয়েছেন তিনি।

## সম্পাদকীয়

### যোগ দিবস উপলক্ষে তিনদিনব্যাপী একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে

সমগ্র দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও আজ আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হয় অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে।তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন(C B C ) এবং প্রেস ইনফরমেশন ব্যুরো(PIB)-র যৌথ উদ্যোগে আজ কলকাতার ন্যাশানাল ইনস্টিটিউট ফর লোকমোটর ডিস্যাবিলিটিস(NILD)-এ যোগ দিবস উদযাপন করা হয়।এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন প্রায় ৫০০ জন যোগপ্রেমী, যাদের মধ্যে ছিলেন সিবিসি, পিআইবি, ডিপিডি ও এনআইএলডি -র কর্মকর্তা,শিক্ষার্থী ও যুবক যুবতীরা।যোগগুরুদের নেতৃত্বে তাঁরা সকলেই আজ বিভিন্ন যোগাসন ও প্রাণায়াম আয়ত্ত করেন।সিবিসি এবং পিআইবি -র পরিচালক(পূর্বাঞ্চলীয়) শ্রী টি.ভি.কে. রেড্ডী এবং অতিরিক্ত মহাপরিচালক(পূর্বাঞ্চলীয়) শ্রীমতি জেন নামচু এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শ্রী রেড্ডী এই অনুষ্ঠানে এনআইএলডি (N I L D) - কে ধন্যবাদ জ্ঞাপন করে যোগাসনের উপকারিতা কে সর্বসমক্ষে তুলে ধরেন, যা মানুষের স্বাস্থ্য ও সুস্থতাকে বজায় রাখতে সাহায্য করে। তিনি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন বিশ্বজুড়ে যোগাভ্যাসের গুরুত্ব প্রচার করার জন্য।

প্রসঙ্গত উল্লেখ্য, সিবিসি কলকাতার উদ্যোগে তিনিদিন ব্যাপী একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয় এনআইএলডি তে,যেখানে বিভিন্ন যোগাসন ও তাদের উপকারিতা সম্পর্কে জনসাধারণকে জানানো হয়।সাধারণ মানুষের মধ্যে যোগের গুরুত্ব প্রচারের জন্য আয়োজন করা হয় অঙ্কন প্রতিযোগিতা(বিশেষ ভাবে সক্ষম শিশুদের জন্য) এবং কুইজ প্রতিযোগিতা।

২০২৫ এর আন্তর্জাতিক যোগ দিবস একটি গুরুত্বপূর্ণ মাইলফলক কারণ এটি যোগকে একটি বিশ্বব্যাপী জাগরণ হিসেবে প্রতিষ্ঠা করেছে যা শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক কল্যাণে ভূমিকা রাখে।দশ বছর পূর্তির পর আজ ১১তম যোগ দিবসের আয়োজনটি বিশ্বব্যাপী একটি অন্তর্ভুক্তিমূলক অনুষ্ঠান ছিল।সমগ্র দেশে 'কমন যোগ প্রোটোকল' অনুসরণ করে একযোগে আনন্দ ও অনুশীলনের মাধ্যমে রাজ্য ও জাতীয় স্তরে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে,প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে প্রধান কেন্দ্রীয় আয়োজনটি অনুষ্ঠিত হয় অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনম শহরে।

# তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



সরস্বতী পূজা দিনে,স্কুল থেকে অফিস, পাড়া থেকে ক্লাব সর্বত্রই চলে বাগদেবীর আরাধনা। ধী, জ্ঞান লাভের আশায় সকলেই নিষ্ঠাভরে অঞ্জলি দিয়েছেন। কিন্তু সরস্বতী আসলে কে? জানেন কি?আমি একজন অতি সাধারন মানুষ, আমরা সবাই সরস্বতী মায়ের আরাধনা ব্যস্ত! কিন্তু কেন? আসলে সরস্বতী কে? আমরা সবাই বিদ্যাদেবী হিসেবে থাকে পূজা করি। কিন্তু সরস্বতী আসল ইতিহাস আমরা সত্যিই কি জানি! অনেকের কাছে হয়ত অজানা।সরস্বতী মায়ের আরাধনা ও পূজাকে সামনে রেখে আমার কলমে তুলে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# মুসলিমরা ভয়ঙ্কর খেলবে

মনে করি না। তিনি কারও দ্বারা পরিচালিত হচ্ছেন বলে আমার মনে হচ্ছে। তাই কারও পক্ষ নিয়ে এ ধরেন কথাবার্তা তিনি বলছেন। রাজনীতির ঊর্ধ্বে উঠে একজন পীরজাদা হিসাবে ওনার মন্তব্য করা উচিত।"ছাব্বিশের ভোটে ভয়ঙ্কর খেলা হবে। যা নিয়ে যখন রাজনৈতিক মহলে তীব্র চাপানউতোর তখন সেই ত্বহাকেই একহাত নিলেন হুমায়ুন। কটাক্ষের সুরেই বলছেন, তহ্বা সিদ্দিকী কখন কি বলে তার ঠিক থাকে না। কয়েকদিন আগেই লাস্ট ওয়ার্নিং এসেছে হুমায়ুনের কাছে। তারপরই ধীরে ধীরে সুর বদল। এদিন বললেন, "একুশে জুলাই পর্যন্ত আমি আমাদের নেত্রীর প্রতি, আমাদের সেনাপতির প্রতি পূর্ণ আস্থা রেখে চলব।" এমতাবস্থায় ত্বহাকে নিয়ে আচমকা হুমায়ুনের এ মন্তব্য তাৎপর্যপূর্ণ বলেই মত রাজনৈতিক বিশ্লেষকদের।

তবে ত্বহার কথায় যে বঙ্গ রাজনীতির আঙিনায় নতুন করে চাপানউতোর শুরু হয়েছে তা বলার অপেক্ষা রাখে না। সুর চড়িয়েছেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা। তাঁর দাবি, বাংলার মুসলিম সমাজকে ভুল পথে চালিত করতেই এসব বলা হচ্ছে। ত্বহাকে একহাত নিয়ে তিনি বলেন, "কাল আপনি মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়ন নিয়ে ভাল কথা বলেছেন। আজকে আপনি অন্য কথা বলছেন। ফুরফুরা শরিফের কেউ তৃণমূল, কেউ বিজেপি, কেউ সিপিএম, কেউ আইএসএফের হয়ে কথা বলছেন। এই করে মুসলিম সমাজটাকে বিপথে চালিত করার একটা চক্রান্ত হচ্ছে। আমি এর তীব্র নিন্দা করছি।"

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বিভিন্ন দেবতারা সেই রাত্রিতে দীপ জ্বালিয়েছিলেন। ... অন্যদিকে আঠারজন শাসক দীপের আলো জ্বালিয়েছিলেন এই ভেবে যে 'প্রজ্ঞার আলো যখন নিভে গেছে, তখন এস আমরা জাগতিক বিষয়গুলিকে আলোকিত করি” (৫২-৩)।

**ক্রমশঃ**

**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বিমানে পাখির ধাক্কা, পুনে বিমানবন্দরে নিরাপদে অবতরণ এয়ার ইন্ডিয়ার দিল্লি-পুনে ফ্লাইটের – যাত্রীদের জন্য বিকল্প ব্যবস্থা করছে সংস্থা

বেবি চক্রবর্তী



দিল্লি থেকে পুনে যাচ্ছিল এয়ার ইন্ডিয়ার একটি ফ্লাইট (AI2470)। শুক্রবারের এই যাত্রাপথে আকাশে উড়তে গিয়েই পাখির ধাক্কা খায় বিমানটি। যদিও বড় কোনো বিপদের আশঙ্কা থাকলেও, পাইলটের দক্ষতার জেরে বিমানটি পুনে বিমানবন্দরে সম্পূর্ণ নিরাপদে অবতরণ করতে সক্ষম হয়।

এয়ার ইন্ডিয়া এক বিবৃতিতে জানিয়েছে, “পাখির ধাক্কার ঘটনা পুনেতে নামার পর চিহ্নিত হয়। এরপর বিমানটিকে গ্রাউন্ড করে ইঞ্জিনিয়ারিং টিম দ্বারা বিশদ পরিদর্শন করা হচ্ছে।”

এই ঘটনার জেরে AI2470 নম্বর ফ্লাইটটি পুনে থেকে দিল্লি ফেরার যাত্রা বাতিল করা হয়েছে। ফলে যাত্রাপথে আটকে পড়েছেন বহু যাত্রী। যাত্রীদের ভোগান্তি যাতে না হয়, সেজন্য সংস্থার পক্ষ থেকে নেওয়া হয়েছে বিশেষ ব্যবস্থা।

যাত্রীদের জন্য বিকল্প ব্যবস্থা

এয়ার ইন্ডিয়া জানিয়েছে, আটকে পড়া যাত্রীদের জন্য হোটেল আবাসনের ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি, যারা যাত্রা বাতিল করতে চান, তাদের জন্য সম্পূর্ণ টাকা ফেরতের পাশাপাশি বিনামূল্যে রিস্কেডিউলিং-এর ব্যবস্থাও রাখা হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, “আমরা বিকল্প বিমানের ব্যবস্থার চেষ্টা করছি যাতে যাত্রীরা দ্রুত দিল্লি পৌঁছাতে পারেন।এই ঘটনা ফের একবার বিমান যাত্রায় পাখির ধাক্কা নিয়ে গুরুত্ব বাড়াল। যদিও পাইলটের তৎপরতা ও অভিজ্ঞতা অনেক বড় দুর্ঘটনা থেকে যাত্রীদের রক্ষা করল।

বিশেষজ্ঞদের মত

বিমান নিরাপত্তা বিশেষজ্ঞদের মতে, পাখির ধাক্কা সাধারণত রানওয়ে সংলগ্ন এলাকাতেই বেশি দেখা যায়। তবে আকাশে উড়ার সময়েও পাখি ধাক্কা মারতে পারে, যা ইঞ্জিন বা বিমানের অন্যান্য যন্ত্রাংশের ক্ষতির কারণ হতে পারে।এই ধরনের পরিস্থিতিতে ফ্লাইট সেফটি প্রোটোকল মেনে বিমানের অবতরণ এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং এয়ার ইন্ডিয়ার এই পদক্ষেপ তা সফলভাবেই প্রতিফলিত করেছে।

সৌভাগ্যবশত, কোনো যাত্রী আহত হননি। সংস্থার তাৎক্ষণিক ব্যবস্থা ও স্বচ্ছ যোগাযোগ যাত্রীদের মধ্যে প্রশংসা কুড়িয়েছে।

এই ধরনের ঘটনা আবারও স্মরণ করিয়ে দেয়—বিমানে পাখির ধাক্কা কোনো ছোটখাটো ঘটনা নয়, বরং তা সম্পূর্ণ বিমানের নিরাপত্তার উপর প্রভাব ফেলতে পারে। তাই প্রতিটি ফ্লাইটের ক্ষেত্রে নিরাপত্তার দিকটি সর্বোচ্চ গুরুত্ব পাওয়া উচিত।

# ইস্টার্ন ইন্ডিয়া রিজিওনাল কাউন্সিল-এর যোগ দিবস উদযাপন



স্টাফ রিপোর্টার, রোজদিন

**কলকাতা।** দ্য ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়ার ইস্টার্ন ইন্ডিয়া রিজিওনাল কাউন্সিল আজ কলকাতার সল্টলেকের মেওয়ার ব্যাঙ্কোয়েটসে আন্তর্জাতিক যোগ দিবসের আয়োজন করে। "সান টু হিউম্যান ফাউন্ডেশন" এর সহযোগিতায় এই অনুষ্ঠানটি আয়োজিত হয়েছিল। এই বছরের থিম ছিল "এক পৃথিবী, এক স্বাস্থ্যের জন্য যোগ", যেখানে প্রায় ২৫০ জন সদস্য সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন। প্রাক্তন কেন্দ্রীয় পরিষদের সদস্য সিএ আর.কে. আগরওয়াল, সিএ কে.পি. খান্ডেলওয়াল, বর্তমান ইআইআরসি চেয়ারম্যান সিএ বিষ্ণু কুমার তুলসিয়ান, ভাইস চেয়ারম্যান সিএ ময়ূর আগরওয়াল এবং সচিব সিএ হরি রাম আগরওয়াল উপস্থিতিতে অনুষ্ঠানটি আরও আকর্ষণীয় হয়ে ওঠে। অনুষ্ঠানে, গ্রুপ যোগ অনুশীলন, প্রাণায়াম, ধ্যান এবং যোগ সম্পর্কিত তথ্য ভাগ করে নেওয়া হয়েছিল। অংশগ্রহণকারীদের যোগের গুরুত্ব, এর উপকারিতা এবং দৈনন্দিন জীবনে এর অন্তর্ভুক্তি সম্পর্কে সচেতন করা হয়েছিল। ইআইআরসি চেয়ারম্যান সিএ বিষ্ণু কুমার তুলসিয়ানের যোগ সম্পর্কে দেওয়া বার্তাটি অত্যন্ত স্পষ্ট এবং অনুপ্রেরণামূলক ছিল। "যোগব্যায়াম কেবল শারীরিক ব্যায়াম নয়, বরং আধ্যাত্মিক ও মানসিক ভারসাম্যের একটি প্রক্রিয়া। আজকের দ্রুতগতির

এরপর ৬ পাতায়




## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# জার্মান-আমেরিকা থেকে অস্ত্র নিয়ে ইজরায়েল পৌঁছল ১৪ কার্গো বিমান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ইরান-ইজরায়েল দ্বন্দ্ব তুঙ্গে। সরগরম হয়ে রয়েছে মধ্যপ্রাচ্য। এর মধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র ও জার্মানি থেকে অস্ত্র এবং সামরিক সরঞ্জাম এসে পৌঁছেছে ইজরায়েলে। সব মিলিয়ে আমেরিকা যে ইজরায়েলের পাশে রয়েছে তা বুঝিয়ে দিয়েছে আবারও। ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, গত বৃহস্পতিবার বেশ কয়েকটি কার্গো বিমান ইজরায়েলে অবতরণ করেছে।ইজরায়েলের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা জোরদার করতে মার্কিন যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা পাঠায়। গত মঙ্গলবার ওয়াশিংটন পোস্টের এক প্রতিবেদনে বলা হয়, যদি ইরান একই গতিতে আক্রমণ চালিয়ে যায়,তাহলে মার্কিন সরবরাহ ছাড়া অথবা মার্কিন বাহিনীর ব্যাপক অংশগ্রহণ ছাড়া ইজরায়েল ১০-১২ দিনের বেশী ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা বজায় রাখতে পারবে না।

আল-জাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, ইজরায়েল এখনও পর্যন্ত ইরানের ফোর্দোয় ইউরেনিয়াম কেন্দ্র ক্ষতিগ্রস্ত করতে পারেনি। এই কেন্দ্রটি পাহাড়ের ভূগর্ভে তৈরি করা হয়েছে। এর মূল কক্ষগুলো মাটির নিচে প্রায় ২৬০ থেকে ৩০০ ফুট গভীরে অবস্থিত।ইজরায়েলি প্রতিরক্ষা মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী,ইরান যখন থেকে ইজরায়েলের উপর হামলা চালানো শুরু করেছে, তারপর থেকে ১৪টি কার্গো বিমান সরঞ্জাম নিয়ে ইজরায়েলে পৌঁছেছে। ২০২৩ সালের ৭ অক্টোবর যখন মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরু হয়েছিল তারপর এই নিয়ে মোট ৮০০টি কার্গো অস্ত্রবাহী বিমান নেতানিয়াহুর দেশে পৌঁছালো।

প্রতিরক্ষা মন্ত্রকের পক্ষ থেকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, যুদ্ধের ধারাবাহিকতা বজায় থাকছে। তাই ভবিষ্যতের জন্য মজুত জোরদার করাই এই সরবরাহের মূল লক্ষ্য। তবে নতুন ঠিক কোন কোন ধরনের অস্ত্র এসেছে,সে বিষয়ে বিস্তারিত কিছু জানানো হয়নি। ইজরায়েল তো বটেই, জার্মানি বা মার্কিন যুক্তরাষ্ট্রও এ বিষয়ে কোনও মন্তব্য করেনি।

ওয়াল স্ট্রিট জার্নালের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইরান একের পর এক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুঁড়ছে। সেগুলি আটকাতে ইজরায়েলের দরকার 'অ্যারো' ক্ষেপণাস্ত্র। কিন্তু এই ক্ষেপণাস্ত্রের মজুত দিনে দিনে ফুরিয়ে আসছে। যদিও ইজরায়েলি কর্মকর্তারা এই খবর অস্বীকার করেছিলেন।

গত ১৩ জুন ভোরে ইরানে প্রথম হামলা চালায় ইজরায়েল। তার জবাব দিতে শুরু করে ইরান। ইরান একের পর এক ক্ষেপণাস্ত্র ও ড্রোন ছুঁড়তে শুরু করে। ইজরায়েলি সেনাবাহিনীর দাবি ছিল ইরানের ছোঁড়া ক্ষেপণাস্ত্র আকাশেই ধ্বংস করা হয়েছে।

(৫ পাতার পর)

## ইস্টার্ন ইন্ডিয়া রিজিওনাল কাউন্সিল-এর যোগ দিবস উদযাপন

জীবনযাত্রায়, কেবলমাত্র যোগব্যায়ামই আমাদের স্বাস্থ্য ও শান্তি প্রদান করে।" উপরোক্ত অনুষ্ঠানে ইস্টার্ন ইন্ডিয়া রিজিওনাল কাউন্সিল-এর সকল স্টাডি সার্কেলের আহ্বায়ক এবং সদস্যরা উপস্থিত ছিলেন। বৃক্ষরোপণ, ওয়াকাথন এবং কুইজ প্রতিযোগিতা এবং ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানটি শেষ হয়। উপস্থিত সকল অংশগ্রহণকারীদের মধ্যে যোগব্যায়াম সম্পর্কিত পুস্তিকা এবং সার্টিফিকেট বিতরণ করা হয়।উপরোক্ত তথ্য প্রদান করেন কাউন্সিল-এর জনসংযোগ কমিটির সদস্য সিএ চন্দ্র ভানু সিনহা।উপরোক্ত তথ্য প্রদান করেন কাউন্সিল-এর জনসংযোগ কমিটির সদস্য সিএ চন্দ্র ভানু সিনহা।

# সিন্ধু জলচুক্তি আর কখনও পুনর্বহাল করা হবে না



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ন্যাড়া বেল তলায় একবারই যায়! শনিবার স্বরাষ্ট্রমন্ত্রীর একটি বক্তব্যের পর এই প্রবাদই বলে বেড়াচ্ছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। পহেলগাঁও কাণ্ডকে কেন্দ্র করে পাকিস্তানের সঙ্গে যে সিন্ধু জলচুক্তি স্থগিত করেছিল ভারত, তা আর পুনর্বহাল করা হবে না বলেই জানিয়ে দিলেন অমিত শাহ।পহেলগাঁও হামলার পর পাকিস্তানকে কূটনৈতিক চাপে ফেলতে প্রথম ২৪ ঘণ্টার মধ্যেই সিন্ধু জলচুক্তি স্থগিত-সহ একাধিক বড় বড় সিদ্ধান্ত নেয় কেন্দ্র। পাকিস্তানের তরফে বারংবার দাবি করা হয় যে সিন্ধুর গ্যালন গ্যালন জল কোনও মতেই ধরে রাখতে পারবে না নয়াদিল্লি। যা কার্যত সত্যিই। তবে এবার সেই জলকেই ধরে রাখার জন্য যে বড় পদক্ষেপের পথে এগোচ্ছে কেন্দ্র, সেই ইঙ্গিতটাই দিয়ে দিলেন শাহ।

টাইমস অব ইন্ডিয়াকে দেওয়া সাক্ষাৎকারে এই কথা বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।তিনি জানান, 'সিন্ধু জলচুক্তি আর কখনও পুনর্বহাল করা হবে না। এই আন্তর্জাতিক চুক্তি একতরফা ভাবে বাতিলের অধিকার আমাদের রয়েছে। চুক্তির প্রস্তাবনায় স্পষ্ট ভাষায় বলা রয়েছে যে সিন্ধু জলচুক্তি দুই দেশের শান্তি ও অগ্রগতির কথা মাথায় রেখে তৈরি করা। কিন্তু সেই শান্তিকেই লঙ্ঘন করা হলে, আমাদের তরফেও রক্ষা করার মতো কিছু আর অবশিষ্ট থাকে না।'

পাশাপাশি, সিন্ধুর শক্তিকে কেন্দ্র ক্ষয় হতে দেবে না বলেও সেই সাক্ষাৎকারে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। তাঁর কথায়, 'যে জল এতদিন পাকিস্তান পেত, এবার সেই জলকে খাল কেটে রাজস্থানের দিকে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হবে। পাকিস্তান অন্যায় ভাবে এত দিন যে জল পেয়েছে, তা আর পাবে না।'

ভারত-পাকিস্তান অশান্তির মাঝে সিন্ধু জলচুক্তি স্থগিত কার্যত এখনও পর্যন্ত পাক সরকারের বিরুদ্ধে ভারত সরকারের নেওয়া সব থেকে বড় সিদ্ধান্ত। কারণ, এই দুই দেশ যারা একে অপরের বিরুদ্ধে যুদ্ধে সামিল হয়েছে, টানা সংঘর্ষ চালিয়েছে, বাকবিতণ্ডাও চালিয়েছে। কিন্তু কোনও কালেই সেই অশান্তির প্রভাব পড়েনি সিন্ধুর জলে। যা পড়ল এই বছর।

# সিনেমার খবর

cinema TV

# জীবনের দ্বিতীয় ইনিংসে চমক ফারদিনের

স্টাফ রিপোর্টার, রোজদিন

অবসাদ ও মদ্যপানের কারণে জীবনের কঠিন সময়ের মুখোমুখি হয়েছিলেন বলিউড অভিনেতা ফারদিন খান। কিন্তু সেই ধাক্কা কাটিয়ে নতুন আত্মবিশ্বাস নিয়ে ফিরে এসেছেন তিনি। প্রায় ২৫ কেজি ওজন কমিয়ে ফরদিন খান আবারও শিরোনামে।

এক সময়ে তাঁর ওজন ছিল ১০০ কেজির কাছাকাছি। মদ্যপানের অভ্যাসের কারণে শরীরে জমেছিল মেদের পাহাড়। তবে জীবনের দ্বিতীয় ইনিংসে নিজেকে নতুনভাবে গড়ে তুলেছেন অভিনেতা। এখন তাঁর ওজন ৭৮ কেজি। সমাজমাধ্যমে ফরদিনের নতুন লুক প্রতিনিয়ত ভাইরাল হচ্ছে।

সম্প্রতি এক সাক্ষাৎকারে জীবনের সেই কঠিন অধ্যায় নিয়ে মুখ খুলেছেন তিনি।



ফারদিন খান বলেন, “মদ্যপানের কারণে আমার ওজন ১০০ কেজিতে পৌঁছে গিয়েছিল। মনে হত, বয়স যেন ৬০ বছর হয়ে গিয়েছে। এরপর একদিন হঠাৎ সিদ্ধান্ত নিই মদ্যপান ছেড়ে দেব।” মদ্যপান ত্যাগে পেশাদারদের সাহায্য নিয়েছিলেন তিনি।

নতুন জীবনের গল্প বলতে গিয়ে ফারদিন খান আরও জানান, “মদ্যপান থেকে আর কিছু পাচ্ছিলাম না। তাই ওটা ছেড়ে ফিটনেসের দিকে মন দিলাম।” কঠোর ডায়েট, নিয়মিত ব্যায়াম আর ইতিবাচক মানসিকতার বদৌলতে শরীর ও মন দুই-ই বদলে ফেলেছেন তিনি।


ফারদিন বলেন, “এখন নিজেকে অনেক বেশি আত্মবিশ্বাসী মনে হয়। সুস্থ জীবনে ফিরে দৃষ্টিভঙ্গিও বদলে গিয়েছে।” নতুন রূপে বলিউডের পর্দায় ফিরতে মুখিয়ে আছেন তিনি।

# আকাশছোঁয়া দাম রণবীর-আলিয়ার নতুন বাড়ির!

স্টাফ রিপোর্টার, রোজদিন

মুম্বাইয়ের অন্যতম আকর্ষণ হল ‘মান্নাত’। সেই বাড়ির দাম ২০০ কোটি টাকা। তবে শাহরুখ খানের বাড়ি ‘মান্নাত’কেও ছাপিয়ে গিয়েছে রণবীর কাপুর ও আলিয়া ভাটের নতুন বাসস্থান। রণবীর-আলিয়ার নতুন বাড়ির দাম ২৫০ কোটি টাকা। এর চেয়ে বেশি দামের বাড়ি ভারতে আর কোনও বলিউড তারকার নেই। রণবীরের ঠাকুমা কৃষ্ণা রাজের নামে এই বাড়ির নামকরণ হচ্ছে বলেও জানা গিয়েছে।

বিলাসবহুল এলাকা বান্দ্রা পালি হিলে অবস্থিত এই বাড়ি। ছয় তলা



বাড়ির ছবিও নেটপাড়ায় ইতিমধ্যেই ভাইরাল। বহু বছর ধরে এই বাড়ি তৈরি হয়েছে। বাড়িটি তৈরি হওয়ার সময়ে প্রায়ই গিয়ে দেখতে যেতেন আলিয়া ও রণবীর। নিজেরা দাঁড়িয়ে থেকে কাজ দেখেছেন তারা।

রণবীর ও আলিয়ার এই বাড়ি না কি ছাপিয়ে গিয়েছে অমিতাভ বচ্চনের বাড়ির দামও। বিগ-বির বাড়ি ‘জলসা’র দাম ১২০ কোটি টাকা।

তারকা দম্পতির এই বাড়ি আদতে রাজ কাপুর ও কৃষ্ণা রাজ কাপুরের বাড়ি। আশির দশকে এই বাড়ি ঋষি কপূর ও নীতু কপূরকে লিখে দিয়েছিলেন তাঁরা। সেই বাড়িই উত্তরাধিকার সূত্রে এখন রণবীর ও আলিয়ার। এই বাড়ি এখন রণবীর, আলিয়া তাঁদের কন্যা রাহা কাপুরের নামে।

খুব শীঘ্রই এই বাড়িতে গিয়ে উঠবেন রণবীর ও আলিয়া। শোনা যাচ্ছে, বাড়ি তৈরির শেষ মুহূর্তের কিছু কাজ এখনও চলছে।

## বন্ধুর জন্য বড় বিপদে অভিনেত্রী পূজা, প্রতারণায় হারিয়েছেন সর্বস্ব



স্টাফ রিপোর্টার, রোজদিন

এক সময় হিন্দি টেলিভিশনের অন্যতম চর্চিত মুখ ছিলেন পূজা বন্দ্যোপাধ্যায়। টলিউডে ছবির সংখ্যা কম হলেও তিনি ছিলেন দেব, সোহমের নায়িকা। অল্প ছবি করলেও সবগুলোই কমবেশি হিট। হঠাৎ বড় বিপদের কথা জানালেন এই অভিনেত্রী। বন্ধুর জন্য নাকি বড় বিপদের মুখে পড়েছেন পূজা ও তার স্বামী কুণাল বর্মা।

অভিনেত্রী জানিয়েছেন, তিনি একেবারে শূন্য হয়ে গেছেন। তাদের সব টাকা খোয়া গেছে। তিন বছর ধরে বন্ধুত্ব ছিল এক জনের সঙ্গে। তারা প্রায় পরিবারের মতোই ছিলেন। সেই বন্ধুই প্রতারণা করেছেন।

গত ৩-৪ মাস খুবই কষ্টকর ছিল তাদের জন্য। আগামী দিনগুলো কীভাবে চলবে তা নিয়ে চিন্তায় রয়েছেন এই দম্পতি।

পূজা বলেন, ‘গত তিন মাস যে কীভাবে কাটিয়েছি, তা আমরাই জানি। জানি না এরপর কী হবে। একেবারে শূন্য থেকে শুরু করতে হবে আমাদের। গত কয়েক মাসে অনেক কেঁদেছি। প্রায় স্তব্ধ হয়ে যাই। একটা মোটা অঙ্কের টাকা খোয়া গেছে আমাদের। সবটা কষ্টার্জিত অর্থ।’

যদিও পূজা বা কুণাল কেউই সেই বন্ধুর নাম প্রকাশ্যে আনেননি। কত টাকার প্রতারণা হয়েছে সেটাও বলেননি।

# ৪৩০-৩ থেকে ৪৭১ রানে অলআউট! লিডসে ফিরল ২৩ বছর আগের স্মৃতি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লিডস টেস্টে অ্যাডভান্টেজে ভারত। তবে মিডল অর্ডারের পরের ব্যাটিং যেন অস্বস্তিতে রাখল। ম্যাচের প্রথম দিনই সাড়ে তিনশো পেরিয়ে গিয়েছিল ভারত। ক্যাপ্টেন শুভমন গিল ও ভাইস ক্যাপ্টেন ঋষভ পন্থের অবিচ্ছিন্ন জুটি দ্বিতীয় দিন শুরু করে ভারতীয় দল। প্রথম ইনিংসে ৫০০ প্লাস স্কোর হবে এমনটাই প্রত্যাশা করা হচ্ছিল। কিন্তু ৪৭১ রানেই অলআউট ভারত। সবচেয়ে হতাশার, শেষ ৭ উইকেট পড়ল মাত্র ৪১ রানেই! ইনিংসে যদিও তিনটি সেঞ্চুরি।




লিডসে ফিরল ২৩ বছর আগের স্মৃতি। ২০০২ সালে লিডসে ইংল্যান্ডের বিরুদ্ধে সেঞ্চুরি করেছিলেন সচিন তেন্ডুলকর, রাহুল দ্রাবিড় এবং সৌরভ গঙ্গোপাধ্যায়। এই টেস্টে সেঞ্চুরি যশস্বী জয়সওয়াল, শুভমন গিল এবং ঋষভ পন্থের। দলীয় ৪৩০ রানে চতুর্থ উইকেট হিসেবে আউট হন ক্যাপ্টেন শুভমন গিল। তখনও ব্যাটিংয়ে অনেক বিকল্প। এরপরও ৫০০ পেরোতে না পারা অস্বস্তির। দীর্ঘ ৮ বছর পর টেস্ট ক্রিকেটে প্রত্যাবর্তন হয়েছে করুণ নায়ারের। গত বছর ঘরোয়া ক্রিকেটে চোখ ধাঁধানো পারফর্ম করেছিলেন। শুধু তাই নয়, ভারত এ দলের হয়ে ইংল্যান্ড লায়ন্সের বিরুদ্ধে ডাবল সেঞ্চুরিও করেছিলেন। স্বাভাবিক ভাবেই তাঁর প্রত্যাবর্তনে বাড়তি নজর ছিল। দুর্দান্ত সুযোগ ছিল তা কাজে লাগানোর। কিন্তু তিনটি ডট বলেই যে চাপে পড়ে যাবেন, এ যেন কেউ প্রত্যাশা করেননি। চতুর্থ ডেলিভারিতে কভার ড্রাইভ নীচু রাখতে পারেননি। দুর্দান্ত ক্যাচে তাঁকে ফেরান ওলি পোপ।

করুণ আউট হওয়ার কিছুক্ষণের মধ্যেই ফেরেন ভাইস ক্যাপ্টেন ঋষভ পন্থ। লোয়ার অর্ডারে রবীন্দ্র জাডেজা (১১), ইন্ট্রা স্কোয়াড ম্যাচে সেঞ্চুরি হাঁকানো শার্দূল ঠাকুর (১) ভরসা দিতে পারেননি। শেষ অবধি ৪৭১ রানেই শেষ ভারতের ইনিংস। ইংল্যান্ড ব্যাটিং শুরু হওয়ার সময়ই বৃষ্টি নামায় অপেক্ষা করতে হয়।

## প্রশংসায় ভাসছেন ভারতের তরুণ অধিনায়ক গিল




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতীয় টেস্ট দলের নেতৃত্বে এক নতুন যুগের সূচনা হয়েছে। ইংল্যান্ডের বিপক্ষে আসন্ন পাঁচ ম্যাচের টেস্ট সিরিজের জন্য ২৫ বছর বয়সী ওপেনার শুবমান গিলকে অধিনায়ক ঘোষণা করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। রোহিত শর্মার টেস্ট ক্রিকেট থেকে অবসরের পর এই তরুণ তারকার কাঁধে দলের দায়িত্ব তুলে দেওয়া হয়েছে।

বিসিসিআইয়ের এই সিদ্ধান্তকে 'সাহসী ও দূরদর্শী' বলে উল্লেখ করেছেন সাবেক ভারতীয় ক্রিকেটার রবিন উথাপ্পা। তিনি বলেন, "এই নির্বাচক কমিটিকে কৃতিত্ব দিতেই হবে। শুবমান যদি এই দায়িত্ব ভালোভাবে পালন করে, তাহলে আগামী ১০ বছর ভারতীয় ক্রিকেট তার নেতৃত্বে এগিয়ে যাবে।"

উথাপ্পা আরও বলেন, আইপিএলে গুজরাট টাইটান্সের নেতৃত্ব দিয়ে গিল ইতোমধ্যেই তার পরিপক্কতা ও নেতৃত্বগুণ প্রমাণ করেছে। তার মধ্যে নেতৃত্ব দেওয়ার সহজাত গুণাবলি রয়েছে। খেলোয়াড়দের পাশে দাঁড়ানো, কৌশলগত সিদ্ধান্ত নেওয়া। সব কিছুই সে করেছে আত্মবিশ্বাসের সঙ্গে।

শুবমান গিলের প্রশংসায় পঞ্চমুখ ভারতের সাবেক কোচ ও দক্ষিণ আফ্রিকার কিংবদন্তি ওপেনার গ্যারি কারস্টেনও। তার মতে, শুবমান খুবই চতুর এবং খেলার গভীর জ্ঞান রাখে। প্রস্তুতি ও অনুশীলনে সে অত্যন্ত মনোযোগী—নেতৃত্বে সে উদাহরণ তৈরি করবে।

কারস্টেন আরও বলেন,'শুবমানের মধ্যে দুর্দান্ত একজন নেতার সব গুণই রয়েছে। আমি বিশ্বাস করি, আন্তর্জাতিক ক্রিকেটে সে ঝড় তুলবে।'

## ক্লাব বিশ্বকাপের আগে শক্তি আরও বাড়ালো ম্যান সিটি


**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্লাব বিশ্বকাপের আগে দলবদলের ছোট্ট উইন্ডো কাজে লাগাল ম্যানচেস্টার সিটি। পাঁচ বছরের চুক্তিতে অলিম্পিক লিও থেকে অ্যাটাকিং মিডফিল্ডার হায়ান শের্কিকে দলে নিয়ে এলো ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাবটি।

এক বিবৃতিতে শের্কির দলবদলের খবর দেয় সিটি। তবে ২১ বছর বয়সী ফরাসি খেলোয়াড়ের জন্য কত খরচ হয়েছে জানায়নি তারা। ব্রিটিশ গণমাধ্যমের খবর অনুযায়ী, পেপ গার্দিওলার দলের খরচ হয়েছে ৪ কোটি ইউরোর আশেপাশে।

লিঁওর হয়ে ২০২৪-২৫ মৌসুমই শের্কির সেরা। সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে তিনি করেছেন ১২ গোল, অবদান রেখেছেন ২০ গোলে। সিটিতে যোগ দিতে পারার উচ্ছ্বাস স্পষ্ট শের্কির বিবৃতিতে।

তিনি জানান, এটা আমার জন্য স্বপ্ন। সত্যিই, ম্যানচেস্টার সিটির মতো একটা ক্লাবে যোগ দেওয়া এবং



ক্যারিয়ারের পরবর্তী পদক্ষেপ এখানে ফেলার সুযোগ পাওয়া খুব, খুব বিশেষ কিছু। জীবনজুড়েই আমি কঠোর পরিশ্রম করছি। এই খেলাটা ভালোবাসি এবং এখানে এই ম্যানচেস্টারে পেপ গার্দিওলা ও তার স্টাফদের সঙ্গে নিজের খেলার উন্নতির জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।

সদ্য সমাপ্ত নেশন্স লিগ দিয়ে ফ্রান্সের হয়ে অভিষেক হয় শের্কির। অ্যাটাকিং মিডফিল্ডার ও রাইট উইঙ্গার হিসেবে খেলতে পারেন তিনি। উইদাদের বিপক্ষে ম্যাচ দিয়ে ক্লাব বিশ্বকাপ অভিযান শুরু করবে সিটি। গ্রুপ পর্বে তাদের অন্য দুই প্রতিপক্ষ আল-আইন ও ইউভেন্তুস।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR